

🗏 ত্ব-হা | Ta-Ha | 🕹

আয়াতঃ ২০: ৫

আরবি মূল আয়াত:

اَلرَّحمٰنُ عَلَى العَرشِ استَوٰى ﴿۵﴾

🗚 আনুবাদসমূহ:

পরম করুণাময় আরশের ওপর উঠেছেন* । — আল-বায়ান

'আরশে দয়াময় সমুন্নত আছেন। — তাইসিরুল

দ্য়াময় (আল্লাহ্) আরশে সমুন্নত। — মুজিবুর রহমান

The Most Merciful [who is] above the Throne established. — Sahih International

* এ আয়াতে আল্লাহর একটি ক্রিয়াবাচক গুণ সাব্যস্ত করা হয়েছে। সেটি হচ্ছে। বা আরশের উপর উঠা। ইমাম মালেককে এ গুণ সম্পর্কে জিজ্ঞাসা করা হলে তিনি বলেন, استواء এর অর্থ জানা আছে। তবে তার ধরন (كيفيت) জানা নেই। এর প্রতি ঈমান রাখা ওয়াজিব এবং ধরন সম্পর্কে জিজ্ঞাসা করা বিদ্যাত। এ নীতিটি আল্লাহর সকল গুণের ক্ষেত্রে প্রয়োজ্য।

৫. দয়াময় (আল্লাহ) আরশের উপর উঠেছেন,(১)

(১) আল্লাহ্ তা'আলা আরশের উপর উঠেছেন বলে তিনি নিজেই ঘোষণা করেছেন। এর উপর বিশ্বাস রাখা ফরয। তিনি কিভাবে আরশে উঠেছেন সেটার ধরণ আমাদের জানা নেই। এটা ঈমান বিল গায়েবের অংশ। এ ব্যাপারে বিস্তারিত আলোচনা সূরা বাকারার ২৯ নং আয়াতের ব্যাখ্যায় করা হয়েছে।

তাফসীরে জাকারিয়া

(৫) পরম দয়াময় আরশে সমাসীন। [1]

[1] তিনি আরশে সমাসীন; যেভাবে তাঁর মাহাত্ম্যের সাথে শোভনীয়। কিভাবে বা কিরূপে তা কারো জানা নেই। এই আরশ বা মহাসন আল্লাহর সবচেয়ে বড় সৃষ্টি। সর্বোচ্চ জান্নাত ফিরদাউসের উপরে বিদ্যমান। যার পায়া ও প্রান্ত আছে, ছায়া আছে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=2353

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন